

যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ১৪১৯

১/ বিবিধ

আরবী

تَدْرُونَ مَا يَقُولُ الْأَسَدُ فِي زَيْئِرِهِ؟ قَالُوا: اللَّهُ وَرَسُولُهُ أَعْلَمُ، قَالَ: يَقُولُ: اللَّهُمَّ لَا تَسْلُطْنِي عَلَى أَحَدٍ مِنْ أَهْلِ الْمَعْرُوفِ
مَنْكَرٍ

أَخْرَجَهُ الطَّبْرَانِيُّ فِي "مَخْتَصَرِ مَكَارِمِ الْأَخْلَاقِ" (1/13/1) وَمِنْ طَرِيقِهِ الدِّيلِمِيُّ (2/1/40) : حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ دَاوُدَ الصَّدْفِيُّ : حَدَّثَنَا الزُّبَيْرُ بْنُ مُحَمَّدٍ الْعُثْمَانِيُّ : حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ الْحَبَابِ الْمَدَنِيُّ عَنْ مُحَمَّدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ دَاوُدَ الْمَدَنِيِّ عَنْ مُحَمَّدِ بْنِ عَجَلَانَ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: فَذَكَرَهُ

قُلْتُ: وَهَذَا إِسْنَادٌ ضَعِيفٌ مَظْلَمٌ، مَا بَيْنَ الطَّبْرَانِيِّ وَابْنِ عَجَلَانَ ثَلَاثَتُهُمْ مَجْهُولُونَ لَمْ يَذْكُرُوا فِي شَيْءٍ مِنْ كُتُبِ الرِّجَالِ الْمَعْرُوفَةِ، حَتَّى وَلَا فِي "الْأَنْسَابِ" لِلِسَمْعَانِيِّ وَالْحَدِيثُ مَنْكَرٌ ظَاهِرُ النِّكَارَةِ. وَاللَّهُ تَعَالَى أَعْلَمُ

বাংলা

১৪১৯। তোমরা কি জানো বাঘটি তার চিৎকারের মধ্যে কী বলছে? তারা বললোঃ না। তিনি বললেনঃ সে বলছে, হে আল্লাহ! তুমি আমাকে ভালো লোকদের মধ্য থেকে কারো বিপক্ষে নিয়োজিত করে না।

হাদীসটি মুনকার।

হাদীসটিকে ত্ববারানী “মুখতাসারু মাকারিমিল আখলাক” গ্রন্থে (১/১৩/১) এবং তার সূত্রে দায়লামী (২/১/৪০)

মুহাম্মাদ ইবনু দাউদ সদাফী হতে, তিনি যুবায়ের ইবনু মুহাম্মাদ উসমানী হতে, তিনি আলী ইবনু আদিব্লাহ ইবনিল হুবাব মাদানী হতে, তিনি মুহাম্মাদ ইবনু আব্দির রহমান ইবনে দাউদ মাদানী হতে, তিনি মুহাম্মাদ ইবনু আজলান হতে, তিনি তার পিতা হতে, তিনি আবু হুরাইরাহ (রাঃ) হতে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ...।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি অন্ধকারাচ্ছন্ন। ত্ববারানী এবং ইবনু আজলানের মাতের তিনজন বর্ণনাকারী মাজহুল (অপরিচিত)। জীবনী আলোচনা করার উদ্দেশ্যে লিখা পরিচিত কোন কিতাবে তাদেরকে উল্লেখ করা হয়নি। এমনকি সামায়ানীর "আলআনসাব" গ্রন্থেও উল্লেখ করা হয়নি। হাদীসটি সুস্পষ্ট মুনকার।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72298>

🔗 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন